

APR. 23 2002



গাজীপুর ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রী ড. ওসমান ফারুক প্রধান অতিথির বক্তব্য রাখেন
-ইনকিলাব

শিক্ষাকে যুগোপযোগী করতে হবে

শিক্ষামন্ত্রী

গাজীপুর থেকে আবদুস সামাদ ঃ

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক বলেছেন, শিক্ষার মানোন্নয়ন ও শিক্ষাকে যুগোপযোগী করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত ইংরেজী, পদার্থ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান বিষয়ে কলেজ শিক্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে তিনি এ কথা বলেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর আবদুল মমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা সচিব মোহাম্মদ শহিদুল আলম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর মোঃ খলিলুর রহমান, ট্রেজারার প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর আব্দুর রশিদ এবং কোর্স এডভাইজার ড. মোঃ শফি চৌধুরী, প্রফেসর মোঃ ইমদাদুল হক, প্রফেসর নিয়াজ জামান, প্রশিক্ষার্থীদের মধ্য থেকে শফিকুল ইসলাম, হুমায়ুন কবির ও মনসুর রহমান খান প্রমুখ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ও ডিন ড. এএসএম মাহবুব উল হক মজুমদার, রেজিস্ট্রার ফিরোজ আহমদ আখতার, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আবদুল হামিদ, পরিচালক (অর্থ ও হিসাব) মুহাম্মদ শাহাবুদ্দীন, কলেজ পরিদর্শক প্রফেসর জায়দুর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রশিক্ষণ কোর্সের কো-অর্ডিনেটর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ও ডিন আতফুল হাই শিবলী।

শিক্ষা মন্ত্রী বলেন, বিশ্বের বিভিন্ন স্থানে শিক্ষার যে উন্নতি হয়েছে আমাদের দেশে তো হয়নি। সে জন্য শিক্ষার মানোন্নয়ন ও শিক্ষাকে যুগোপযোগী করতে হবে। বিশ্বায়নের এ যুগে আমাদের শিক্ষার্থীরা যাতে উপযুক্ত শিক্ষার অভাবে হারিয়ে না যায় সে ব্যাপারে আমাদের যত্নবান হতে হবে। তিনি বলেন, প্রশিক্ষণের কোন শেষ নেই এবং এর কোন বিকল্পও নেই। আমাদের দেশের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণের যে অবকাঠামো আছে তা খুবই দুর্বল। তার উন্নতি ঘটাতে ন পারলে উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণ কোনটাই সম্ভব নয়। শিক্ষার তৎপরতমান উন্নয়নের লক্ষ্যে শিক্ষাক্ষেত্রে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা জরুরী। আমাদের শিক্ষকগণ এ ব্যাপারে অবদান রাখতে পারেন। সুষ্ঠু শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষকগণ যেন সার্বক্ষণিকভাবে স্ক্যান্ডিপার্স খরকেন এ বিষয়টি আমাদের মনে রাখতে হবে। বৈসংকায়ী কলেজ শিক্ষকদের পাশাপাশি সরকারী কলেজ শিক্ষকদের এ ব্যাপারে আরো বেশী দায়িত্ববান হওয়ার জন্য তিনি আহবান জানান।